**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 24-06-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচির ৪৬তম পর্বে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ সমস্যাপীড়িত মানুষের সঙ্গে সরাসরি কথা বলেন ।**

**(২) লামডিং-বদরপুর হিল সেকশনে ট্রেন চলাচল স্বাভাবিক করার জন্য রেলওয়ে কর্তৃপক্ষ যুদ্ধকালীন তৎপরতায় কাজ করছে |**

**(৩) উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড় আজ বলেছেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সরকারের গত ১০ বছর, তাৎপর্যপূর্ণ অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং অসাধারণ পরিকাঠামোগত বৃদ্ধির দিক থেকে ঐতিহাসিক সময়।**

**(৪) কেন্দ্রীয় ক্রীড়া মন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী রক্ষা নিখিল খাডসে দুদিনের সফরে আজ রাজ্যে এসেছেন।**

*************************************************

**Mukhyamantri Samipeshu :**

মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচির ৪৬তম পর্বে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ সমস্যাপীড়িত মানুষের সঙ্গে সরাসরি কথা বলেন। রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে নানাবিধ সমস্যা নিয়ে সাহায্য প্রত্যাশীগণ এসেছিলেন আগরতলায় মুখ্যমন্ত্রীর সরকারি বাসভবনে। চিকিৎসা, শিক্ষা, জমি সহ বিভিন্ন বিষয়ে মুখ্যমন্ত্রী সমস্যাপীড়িতদের সাথে কথা বলে তাদের সমস্যার তাৎক্ষণিক সমাধানে উদ্যোগ গ্রহণ করেন।

সম্প্রতি আগরতলার বাধারঘাটের মাতৃপল্লী এলাকায় এক দুর্ভাগ্যজনক ঘটনায় তিনজন কিশোরের জলে ডুবে প্রাণহানি ঘটে। মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচিতে আজ শোকাহত তিন পরিবারের সদস্যদের হাতে মুখ্যমন্ত্রী আর্থিক সহায়তা হিসাবে চার লক্ষ টাকা করে চেক তুলে দেন।

*******************************

**Train Disrupted :**

লামডিং-বদরপুর হিল সেকশনে ট্রেন চলাচল স্বাভাবিক করার জন্য রেলওয়ে কর্তৃপক্ষ যুদ্ধকালীন তৎপরতায় কাজ করছে। রেল লাইনে ব্যাপক ভূমিধ্বসের ফলে বর্তমানে লামডিং-বদরপুর হিল সেকশনের একটি অংশে রেল চলাচল বন্ধ রয়েছে। এরফলে আগরতলা থেকেও কিছু ট্রেনের যাত্রা বাতিল ও কিছু ট্রেনের যাত্রা আংশিক বাতিল করা হয়েছে। এন.এফ রেলওয়ে সূত্রে আজ সন্ধ্যায় জানা গেছে আগামী ২৭শে জুন নির্ধারিত ট্রেন নং. ১২৫০৩ এসএমভিটি বেঙ্গালুরু-আগরতলা, হামসফর এক্সপ্রেসের যাত্রা বাতিল করা হয়েছে। আগামীকাল নির্ধারিত ট্রেন নং. ১২৫০২ আগরতলা-কলকাতা গরীব রথ এক্সপ্রেসটি গুয়াহাটি থেকে কলকাতার উদ্দেশ্যে যাত্রা করবে এবং ট্রেনটির আগরতলা ও গুয়াহাটির মধ্যে পরিষেবা বাতিল করা হয়েছে। এন এফ রেলওয়ে মুখ্য জনসংযোগ আধিকারিক কপিঞ্জল কিশোর শর্মা আজ জানিয়েছেন, প্রায় ৫০,০০০ ঘনমিটার কাদা এবং পাথর রেলওয়ে রিটেইনিং ওয়াল পর্যন্ত এসে পড়েছে। যত সম্ভব তাড়াতাড়ি ট্র্যাকের কাজ শুরু করার জন্য কমপক্ষে ৩০,০০০ ঘনমিটার কাদা পরিষ্কার করতে হবে।

*****************************

**DAJBA-Ratan Lal Nath :**

ধরতি আবা জনভাগিদারি অভিযান ও জনজাতি গ্রাম উৎকর্ষ অভিযান কর্মসূচি উদযাপন নিয়ে আগরতলার ভগত সিং যুব আবাসে এক বৈঠক অনুষ্ঠিত হয়। এই বৈঠকে পশ্চিম জেলার কোথায় কোথায় এই কর্মসূচি পালন করা হবে এবিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়। বৈঠক শেষে কৃষিমন্ত্রী রতন লাল নাথ বলেন, রাজ্যের আট জেলায় এই কর্মসূচী পালন করা হচ্ছে। পশ্চিম জেলায় জনজাতি অধ্যুষিত এলাকাগুলোতে এই কর্মসূচীতে বিভিন্ন সরকারী সুযোগ সুবিধা যেমন, পিআরটিসি, এস টি সার্টিফিকেট, পি এম কিষান ইত্যাদি সুযোগ সুবিধা প্রদান করা হবে।

######Byte-Ratan Lal Nath######

******************************

**DAJBA–Tinku Roy :**

সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী টিঙ্কু রায় আজ উত্তর জেলায় বাগবাসায় ধরতি আবা জনভাগীদারি অভিযানের অঙ্গ হিসেবে একদিনের সচেতনতা ও সুবিধা বন্টন শিবিরের উদ্বোধন করেন। শিবিরে সুবিধাভোগীদের মধ্যে PRTC, আয়ুষ্মান ভারত কার্ড, আধার কার্ড ইত্যাদি প্রদান করা হয়।

******************************

**DAJBA–Bikash Debbarma :**

ধরতি আবা জনভাগীদারী অভিযান উপলক্ষে আজ কৈলাশহরের বিলাসপুরের শ্রী শৃঙ্গেরি সারদা বিদ্যাপীঠ প্রাঙ্গনে এক সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেন, "জনজাতীয় গৌরব বর্ষে" পক্ষকালব্যাপী চলমান জনভাগিদারী অভিযানে সুফল পাচ্ছেন রাজ্যের জনজাতি অংশের নাগরিকরা। এই কর্মসূচিতে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। পরিসংখ্যান দপ্তরের বিশেষ সচিব অভিষেক চন্দ্র এই শিবিরে স্বেচ্ছা রক্তদান করেন।

***************************

**DAJBA–Sepahijala :**

ধরতি আবা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযানে আজ বিশালগড়ের কোনাবন গ্রাম পঞ্চায়েতে প্রশাসনিক শিবির অনুষ্ঠিত হয়। পশ্চিম কোনাবন দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত এই শিবিরের উদ্বোধন করেন বিধায়ক অন্তরা সরকার দেব। শিবির থেকে রেশন কার্ড, PRTC, আধার, আয়ুষ্মান কার্ড, ST, SC সার্টিফিকেট সহ হাতের কাছে বিভিন্ন প্রশাসনিক সুবিধা পাওয়ায় খুশি এলাকার জনগণ।

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*****************************

**VP on Modi Govt :**

উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড় আজ বলেছেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সরকারের গত ১০ বছর, তাৎপর্যপূর্ণ অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং অসাধারণ পরিকাঠামোগত বৃদ্ধির দিক থেকে ঐতিহাসিক সময়। বিহারের মুজাফফরপুরে এক অনুষ্ঠানে শ্রী ধনখড় বলেন, অর্থনৈতিক উত্থানের দিক থেকে ভারত বিশ্বের বৃহত্তম শক্তিশালী অর্থনীতির তালিকায় একাদশ স্থান থেকে চতুর্থ স্থান অর্জন করেছে। তিনি বলেন, তরুণদের কাছে এখন প্রচুর বিকল্প রয়েছে যা আগে কখনও ছিল না।

শ্রী ধনখড় এনডিএ সরকার কর্তৃক প্রবর্তিত নতুন শিক্ষা নীতির প্রশংসা করে বলেন যে এটি বুদ্ধিমত্তা, জাতি গঠন এবং চরিত্র গঠনের দর্শনকে উৎসাহিত করে।

তিনি বলেন, জরুরি অবস্থার সময় গণতান্ত্রিক অধিকারের জন্য প্রতিরোধের কন্ঠস্বর হিসেবে কাজ করা লোকনায়ক জয়প্রকাশ নারায়ণের কাছ থেকে তরুণদের অনুপ্রেরণা নেওয়া উচিত।

উপরাষ্ট্রপতি বলেন, আগামীকাল সংবিধান হত্যা দিবস গণতন্ত্রকে সংকল্পবদ্ধ ও শক্তিশালী করার একটি উপলক্ষ।

*****************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অপারেশন সিন্দুরের কথা উল্লেখ করে আজ নিশ্চিত করেছেন যে ভারত স্পষ্ট করে দিয়েছে যে ভারতীয়দের রক্ত ঝরানো সন্ত্রাসীদের জন্য কোনও আশ্রয়স্থল নিরাপদ নয়। তিনি আরও বলেন যে, সম্প্রতি বিশ্ব ভারতের শক্তি প্রত্যক্ষ করেছে কারণ এই অভিযান বিশ্বব্যাপী সন্ত্রাসবাদের বিরুদ্ধে নতুনদিল্লির দৃঢ় এবং আপোষহীন নীতি স্পষ্টভাবে প্রতিফলিত করেছে। নতুনদিল্লিতে অনুষ্ঠিত ভারতের দুই সর্বশ্রেষ্ঠ আধ্যাত্মিক ও নৈতিক নেতা - শ্রী নারায়ণ গুরু এবং মহাত্মা গান্ধীর মধ্যে ঐতিহাসিক কথোপকথনের শতবর্ষ উদযাপনের সময় শ্রী মোদী একথা বলেন।

প্রধানমন্ত্রী বলেন, আজকের ভারত জাতীয় স্বার্থের জন্য যা সঠিক তার উপর ভিত্তি করেই সিদ্ধান্ত নেয়। তিনি বলেন যে সামরিক প্রয়োজনে বিদেশী দেশগুলির উপর দেশের নির্ভরতা ক্রমশঃ হ্রাস পাচ্ছে। তিনি আরও বলেন যে ভারত প্রতিরক্ষা ক্ষেত্রে স্বনির্ভর হয়ে উঠছে এবং এই পরিবর্তনটি অপারেশন সিন্দুরের সময় স্পষ্ট হয়ে উঠেছে, কারণ, ভারতীয় বাহিনী দেশীয়ভাবে তৈরি অস্ত্র ব্যবহার করে ২২ মিনিটের মধ্যে শত্রুকে আত্মসমর্পণ করতে বাধ্য করেছিল।

#######Byte-PM-1#######

জাতির আকাঙ্ক্ষা পূরণের জন্য, শ্রী নারায়ণ গুরুর শিক্ষা প্রতিটি নাগরিকের কাছে পৌঁছে দেওয়া অপরিহার্য বলে জোর দিয়ে শ্রী মোদী বলেন যে সরকার এই লক্ষ্যে সক্রিয়ভাবে কাজ করছে। তিনি উল্লেখ করেন যে শ্রী নারায়ণ গুরুর জীবনের সঙ্গে সম্পর্কিত তীর্থস্থানগুলিকে সংযুক্ত করার জন্য শিবগিরি সার্কিটের উন্নয়ন চলছে। তিনি বলেন যে, এক শতাব্দী আগে শিবগিরি মঠে শ্রী নারায়ণ গুরু এবং মহাত্মা গান্ধীর মধ্যে ঐতিহাসিক

কথোপকথন স্বাধীনতা আন্দোলনকে নতুন দিকনির্দেশনা দিয়েছে এবং দেশের বিকশিত ভারতের দিকে যাত্রাকে অনুপ্রাণিত করে চলেছে।

#######Byte-PM-2#######

***************************

**11 Years NDA Government :**

বিকল্প শক্তি সংস্থাপনের সক্ষমতার প্রশ্নে ভারত বিগত ১১ বছরে ব্যাপক উন্নতি করেছে। বর্তমান বিশ্বে এই ক্ষেত্রে ভারত চতুর্থ স্থানে উঠে এসেছে। আন্তর্জাতিক পুনর্নবীকরণযোগ্য শক্তি সংস্থার ২০২৫ সালের পরিসংখ্যান অনুসারে বায়ু শক্তি ও সৌর শক্তি সক্ষমতার ক্ষেত্রেও ভারতে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে। একটি প্রতিবেদন।

########VC########

**************************

**BJP Press Meet :**

দেশের তৃতীয় রাজ্য হিসেবে ত্রিপুরাকে পূর্ণ স্বাক্ষর রাজ্য ঘোষণা করায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহাকে ধন্যবাদ জানিয়েছে ত্রিপুরা প্রদেশ বিজেপি। আজ আগরতলায় বিজেপি রাজ্য কার্যালয়ে প্রদেশ সভাপতি রাজীব ভট্টাচার্য একথা জানান। তিনি বলেন, রাজ্য সরকার সবসময় চায় রাজ্যের মানুষ স্বাক্ষর হয়ে আত্মনির্ভর হয়ে উঠুক।

***************************

**Union Minister Raksha Nikhil Khadse :**

কেন্দ্রীয় ক্রীড়া মন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী রক্সা নিখিল খাডসে দুদিনের সফরে আজ রাজ্যে এসেছেন। তিনি বিকালে ত্রিপুরা স্পোর্টস স্কুলের মাঠ, বাধারঘাটের দশরথ দেব স্পোর্টস কমপ্লেক্সের বিভিন্ন ক্রীড়া পরিকাঠামো ঘুরে দেখেন এবং খেলোয়াড়দের সঙ্গেও কথা বলেন। সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি

জানান ত্রিপুরায় প্রতিভা রয়েছে। ত্রিপুরার ক্রীড়া উন্নয়নে কেন্দ্রীয় সরকার সব ধরনের সহযোগিতা করে চলেছে।

######Byte-Raksha Nikhil Khadse######

*********************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস।

******************************